

## আপনার সন্তানের জন্য ওয়েলশ ভাষা পছন্দ করুন।

### যওয়েলশ-মাধ্যম শিক্ষা কী?

আপনি হয়তো এর আগে ওয়েলশ-মাধ্যম স্কুলগুলি বিবেচনা করেননি। তো তারা আপনার সন্তানকে কী অফার করে?

ওয়েলশ-মিডিয়াম অর্থাৎ ওয়েলশ-মাধ্যম স্কুলগুলি ওয়েলশ ভাষায় সম্পূর্ণ নিমজ্জন প্রদান করে। গোটা স্কুল দিন জুড়ে ওয়েলশ ব্যবহার করতে বাচ্চাদেরকে উৎসাহিত করা হয় এবং দ্বিভাষিকভাবে পাঠ শেখানো হয়।

ওয়েলশ-মিডিয়াম স্কুলগুলি বহুভাষিক হওয়ায় উদযাপন করে, এবং শিশুদের যত বেশি সম্ভব দক্ষতা নিয়ে বড় হওয়ার সুযোগ দেয়।

ওয়েলশ হল ওয়েলশ-মিডিয়াম স্কুলে দৈনন্দিন শিক্ষাদানে ব্যবহৃত প্রধান ভাষা, ভিত্তি পর্বের (ফাউন্ডেশন ফেইজ)) পরে সব বয়সে ইংরেজি প্রথম ভাষা হিসাবেও শেখানো হয়।

ওয়েলশ-মিডিয়াম প্রাথমিক বিদ্যালয় ছেড়ে যাওয়া শিশুরা ওয়েলশ এবং ইংরেজিতে সাবলীল তথা অনর্গল কথা বলতে পারে, এবং পাঠ্যক্রম জুড়ে উভয় ভাষা ব্যবহার করার সুযোগ দেওয়া হয়। এটি ভাষা শেখার সবচেয়ে কার্যকর উপায় হিসাবে প্রমাণিত হয়েছে।

নিউপোর্টের ওয়েলশ-মিডিয়াম স্কুলগুলির 98% শিক্ষার্থী ওয়েলশ-ভাষী নয় এরূপ পরিবারগুলো থেকে আসে।

পিতামাতা যারা মূলত বা অধিকাংশ ক্ষেত্রে ওয়েলশ ভাষায় কথা বলেন না, সেক্ষেত্রে স্কুলগুলো ওয়েলশ এবং ইংরেজিতে সবকিছু প্রদান করে থাকে। নিউপোর্টের স্কুলগুলি এমন পরিবারগুলিকে সহায়তাও প্রদান করে যাদের ভাষা ওয়েলশও কিংবা ইংরেজিও নয়।



## আপনার সন্তানের জন্য ওয়েলশ ভাষা পছন্দ করুন।

### আমার সন্তানকে ওয়েলশ-মিডিয়াম স্কুলে পাঠানোর কি কোনও সুবিধা আছে?

ওয়েলশ-মিডিয়াম স্কুলে শিশুদের পাঠানোর ক্ষেত্রে প্রচুর সুবিধা রয়েছে। এই সুবিধাগুলি একটি স্কুল সম্প্রদায়ের অংশ হওয়ার সাথে আসে যা ভাষা শিক্ষা উদযাপন করে।

গবেষণাগুলি দেখায় যে একাধিক ভাষার সাথে বেড়ে ওঠা অল্প বয়সে শিশুদের বিকাশকে উন্নত করে এবং এর ফলে একাডেমিক সাফল্য ঘটবে সে সম্ভাবনাই বেশি।

অল্প বয়সে ভাষা শেখা আরও ভাষা শেখা সহজতর করে তোলে। নিউপোর্টের ওয়েলশ-মিডিয়াম স্কুলের শিশুরা প্রায়শই বিভিন্ন পটভূমি থেকে আসে এবং হয়তো ইতিমধ্যে একটি ভিন্ন ভাষায় কথা বলতে পারে। এই অতিরিক্ত ভাষা দক্ষতা শিশুদের স্কুলে ওয়েলশ এবং ইংরেজি উভয় শিখতে সহায়তা করে।

গবেষণা থেকে জানা যায় যে যারা একাধিক ভাষায় কথা বলতে পারেন তাদের মস্তিষ্ক স্বাস্থ্যকর। যে শিশুরা একাধিক ভাষায় কথা বলে তারা মনোযোগ কেন্দ্রীভূত করতে ভাল এবং তাদের অন্যমনস্ক হওয়ার সম্ভাবনা কম।

ওয়েলশ কথা বলা ওয়েলসে আপনার চাকরির সুযোগকে বৃদ্ধি করে, এবং নিউপোর্টে নিযুক্ত ব্যক্তিদের 25% পাবলিক সেক্টরে নিযুক্ত যা অবশ্যই ওয়েলশ ভাষা পরিষেবা সরবরাহ করতে হবে।

আপনিও একটি ডিগ্রী অর্জন করবেন এবং অ-ওয়েলশ ভাষীদের চেয়ে আপনি শীর্ষ চাকরিগুলো পাবেন এই সম্ভাবনাই অধিক, যেমন ডাক্তার।

### শেরিনের অভিজ্ঞতা

“স্কুলে অনেক বাবা-মা আছেন যারা ওয়েলশ ভাষায় কথা বলেন না। আপনি একসাথে যাত্রা শুরু করেছেন। স্কুলগুলি সর্বদা সহায়ক, দ্বিভাষিকভাবে আপনার কাছে সবকিছু ফেরত পাঠায়। সবসময় সমর্থন আছে যা আপনি নির্ভর করতে পারেন!”



## আপনার সন্তানের জন্য ওয়েলশ ভাষা পছন্দ করুন।

### আমি কোন ওয়েলশ-মিডিয়াম স্কুল গুলি বেছে নিতে পারি?

নিউপোর্টের সমস্ত বর্তমান ওয়েলশ-মিডিয়াম স্কুল গুলি তাদের কর্মক্ষমতার জন্য অন্যান্য বিদ্যালয়ের সাথে তুলনা করলে ওয়েলসের শীর্ষ বিভাগে স্থান পায়।

একটি সম্পূর্ণ নতুন ওয়েলশ-মিডিয়াম প্রাইমারি স্কুল সেপ্টেম্বর 2021 থেকে প্রাক্তন ক্যারলিয়ন লজ হিল ইনফ্যান্ট (Caerleon Lodge Hill Infant School) স্কুলে খুলছে, প্রাথমিকভাবে শুধুমাত্র নার্সারি এবং অভ্যর্থনা শিক্ষার্থীদের জন্য একটি সিডলিং প্রতিশন। স্কুলটি হবে ইস গুল জিমরেগ নান্ট গুয়েনলি (Ysgol Gymraeg Nant Gwenlli)।

একবার কারলিওন ইস গুল জিমরেগ নান্ট গুয়েনলি প্রতিষ্ঠিত হলে একটি নতুন পুনর্নির্মিত স্কুল সাইটে চলে যাবে যেখানে বর্তমানে পিল গুয়েনলি প্রাথমিক বিদ্যালয়টি (Pillgwenlly Primary school) অবস্থিত।

অতিরিক্ত শেখার চাহিদা সম্পন্ন শিশুদের সহায়তা করার জন্য একটি উৎসর্গীকৃত লার্নিং রিসোর্স বেইস (শিক্ষা সম্পদ উৎস) ধারণকারী প্রথম স্কুল হবে ইস গুল জিমরেগ নান্ট গুয়েনলি।

এটি একটি নিবেদিত নিমজ্জন ইউনিটও অন্তর্ভুক্ত করবে, যা ইংরেজি-মাধ্যম বিদ্যালয়ের শিশুদের ওয়েলশ-মাধ্যম শিক্ষা শুরু করার জন্য দ্রুত ওয়েলশ ভাষা শেখার অনুমতি দেয়।

পিলের (Pill) কেন্দ্রে কমিউনিটি সহায়তা প্রদান করার নতুন ওয়েলশ-মিডিয়াম স্কুলটিতে প্রচুর নতুন সুযোগ রয়েছে, যেমন পিতামাতাদের ওয়েলশ ভাষার পাঠ সরবরাহ করার জন্য।

নির্দিষ্ট প্রাইমারি স্কুল তথা প্রাথমিক বিদ্যালয় গুলো সম্পর্কে আরও তথ্যের জন্য:



**Ysgol Gymraeg Casnewydd**

01633 290270  @YsgolGCasnewydd



**Ysgol Gymraeg Ifor Hael**

01633 414694  @IforHael



**Ysgol Gymraeg Bro Teyrnnon**

01633 850804  @BroTeyrnnon



**Ysgol Gymraeg Nant Gwenlli**

01633 850804